নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ১,০০,০০০-১,৪২,৪০০/- (জাতীয় বেতন স্কেল-২০২৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের ১টি শূন্য উপ-পরিচালক পদ পূরণের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর পাশ হইতে হইবে। CMA Degree অথবা সমমান ডিগ্রি প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। প্রার্থীকে দাপ্তরিক/প্রশাসনিক কাজে অফিসার পদে (৯ম গ্রেড থেকে তদূর্ধ্ব) ১৪ (চৌদ্দ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতকোত্তর যোগ্যতাসহ অফিসার পদে (৯ম গ্রেড থেকে তদূর্ধ্ব) ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষার্থীদের সহশিক্ষামূলক কাজ পরিচালনায় অভিজ্ঞতা বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। প্রার্থীকে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ০১ (এক) বৎসরের কম্পিউটার ডিপ্লোমা প্রশিক্ষণ সনদ প্রাপ্ত হইতে হইবে। অফিস ও এক্সেল, শিক্ষার্থী ডাটাবেজ মেইনটেইন, প্রেজেন্টেশন তৈরী কাজে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ/সমমান গ্রহণযোগ্য নয়। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে) সনদপত্রসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করিতে হইবে। উপর্যুক্ত বা প্রয়োজনীয় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে শিক্ষাগত যোগ্যতা বহাল রাখিয়া ও অভিজ্ঞতার সময়কাল শিথিল করিয়া উক্ত পদের বিপরীতে সহকারী পরিচালক পদে নিয়োগ করা যাইতে পারে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/-(এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্ত দরখাস্ত আগামী **২২-১২-২০২৬** তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং-কক্ষ) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

bekarsfeed